# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
## চট্টগ্রাম
## কর্মকর্তা পদে নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০৫/২০২৬ তারিখ ঃ ২৫-১০-২০২৬

নিম্নে বর্ণিত বেতন স্কেল এবং রীতি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রমিক | দপ্তর | পদের নাম, সংখ্যা ও প্রকৃতি | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০২৬) |
|---|---|---|---|
| ১। | চ.বি. মেডিকেল সেন্টার | মানসিক রোগ বিশেষজ্ঞ (পুরুষ) ০১ (এক) টি স্থায়ী | ৫ম গ্রেড |
| ২। | চ.বি. মেডিকেল সেন্টার | মানসিক রোগ বিশেষজ্ঞ (মহিলা) ০১ (এক) টি স্থায়ী | ৫ম গ্রেড |
| ৩। | চ.বি. মেডিকেল সেন্টার সার্জারি ইউনিট | এনেস্থেশিষ্ট ০১ (এক) টি স্থায়ী | ৫ম গ্রেড |
| ৪। | চ.বি. মেডিকেল সেন্টার সার্জারি ইউনিট | সহকারী সার্জন ০১ (এক) টি স্থায়ী | ৬ষ্ঠ গ্রেড |
| ৫। | শারীরিক শিক্ষা বিভাগ | প্রশিক্ষক ০১ (এক) টি স্থায়ী | ৯ম গ্রেড |
| ৬। | গ্রিনহাউজ, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ | গ্রিনহাউজ তত্ত্বাবধায়ক ০১ (এক) টি স্থায়ী | ৯ম গ্রেড |
| ৭। | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | প্রকৌশল দপ্তর ০১ (এক) টি স্থায়ী | ১০ম গ্রেড |

**প্রয়োজনীয় যোগ্যতা:**

**১। মানসিক রোগ বিশেষজ্ঞ (পুরুষ):**

প্রার্থীর সরকার অনুমোদিত মেডিকেল কলেজ/বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস ও এমডি/এফসিপিএস ডিগ্রি থাকতে হবে।

**২। মানসিক রোগ বিশেষজ্ঞ (মহিলা):**

প্রার্থীর সরকার অনুমোদিত মেডিকেল কলেজ/বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস ও এমডি/এফসিপিএস ডিগ্রি থাকতে হবে।

**৩। এনেস্থেশিষ্ট:**

প্রার্থীর সরকার অনুমোদিত মেডিকেল কলেজ/বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস ও ডিএ/এফসিপিএস ডিগ্রি থাকতে হবে।

**৪। সহকারী সার্জন:**

প্রার্থীর সরকার অনুমোদিত মেডিকেল কলেজ থেকে এমবিবিএস ও সহকারী সার্জন হিসেবে ৪ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

**৫। প্রশিক্ষক:**

প্রার্থীকে অবশ্যই বি.পি.এড./বি.এড. অনার্স ইন ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিষয়ে ডিগ্রিধারী হতে হবে। বাংলাদেশ অথবা অন্য কোনো বিদেশি বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীকে এ্যাথলেটিকস/ক্রিকেট/সাঁতার/ জিমন্যাস্টিকস/হ্যান্ডবল/লন টেনিস/ভলিবল/ব্যাডমিন্টন/হকি/ফুটবল/টেবিল টেনিস খেলায় পারদর্শী হতে হবে। আন্তঃবিশ্ববিদ্যালয়/জাতীয়/প্রথম বিভাগ ইত্যাদি পর্যায়ের যে কোনো প্রতিযোগিতায় অংশগ্রহণ অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত পূরণ সাপেক্ষে বিভাগীয় প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

**৬। গ্রিনহাউজ তত্ত্বাবধায়ক:**

প্রার্থীকে অবশ্যই জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি/উদ্ভিদ বিজ্ঞান বিষয়ে এম.এস. ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনে কোনো স্তরে ৩য় শ্রেণি/বিভাগ বা সমমান জিপিএ/সিজিপিএ থাকলে প্রার্থীতা বিবেচিত হবে না। প্রার্থীর কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**৭। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল):**

প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের বা বিদেশের কোনো স্বীকৃত পলিটেকনিক বা প্রকৌশল ইনস্টিটিউট থেকে পুরকৌশল-এ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পাশ হতে হবে। প্রার্থীকে এস.এস.সি/ডিপ্লোমা পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ বা সমমান গ্রেডে উত্তীর্ণ হতে হবে। এছাড়াও প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। নিয়োগের শর্ত পূরণ সাপেক্ষে বিভাগীয় প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট http://www.cu.ac.bd. হতে ডাউনলোড করে দরখাস্তের নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে। উক্ত পদসমূহের জন্য ০৮ (আট) সেট দরখাস্ত আগামী ২৫-১১-২০২৬ **তারিখ পর্যন্ত অফিস চলাকালীন (সকাল ৮.৩০টা হতে বেলা ৩.৩০ মি. পর্যন্ত) গৃহীত হবে।**

বাংলাদেশের অগ্রণী/জনতা ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী/জনতা ব্যাংক লিঃ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম বরাবর প্রদেয় দরখাস্ত ফি বাবদ ৳ ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) ও প্রার্থীকে সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি দরখাস্তের মূল সেটের সাথে (১ কপি গাম দিয়ে ফরমের নির্ধারিত স্থানে এবং ২ কপি ফরমের সাথে সংযুক্ত করতে হবে) এবং মার্কসশীটসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও নাগরিকত্ব সার্টিফিকেটের সত্যায়িত কপি দরখাস্তের প্রত্যেক সেটের সাথে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট নির্ধারিত তারিখের মধ্যে পৌছাতে হবে।

ফি ব্যতিরেকে কিংবা উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকে প্রদেয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত দরখাস্ত, বিজ্ঞপ্তির শর্ত পূরণ না করলে সে দরখাস্ত, বিজ্ঞপ্তির যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রি পরীক্ষায় Appeared প্রার্থীর পেশকৃত দরখাস্ত, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত, ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোন দরখাস্ত নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

উক্ত পদসমূহের যেকোন পদে নিয়োগ পেলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে এ বিশ্ববিদ্যালয়ে প্রথম যোগদানের পর অন্তত ০২ (দুই) বছর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অঙ্গীকারনামা প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার কোনো চাকরির আবেদন অন্য কোন প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।

প্রার্থী তাঁর আবেদনপত্রে কোনো অর্জিত/অধ্যয়নরত শিক্ষাগত যোগ্যতা/প্রশিক্ষণ ইত্যাদি বিষয় তথ্য গোপন করে থাকলে এবং পরবর্তীতে নিয়োগপ্রাপ্ত হলে এ সকল শিক্ষাগত যোগ্যতা তাঁর চাকরি জীবনে কোনো পদোন্নতি/নিয়োগ বা আর্থিক সুবিধা প্রদানের ক্ষেত্রে গণনা করা হবে না।

চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত পরিপূর্ণ এক সেট দরখাস্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করে নির্ধারিত সংখ্যক দরখাস্ত (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম হিসেবে যথাসময়ে দাখিল করতে হবে।

আবেদনকারীর সাথে অফিসিয়াল যোগাযোগের সুবিধার্থে পরিপূর্ণ ঠিকানা (ই-মেইলসহ) আবেদনপত্রে সুস্পষ্ঠভাবে উল্লেখ করতে হবে।

নির্বাচিত প্রার্থীগণের মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানের এল.পি.সি. গ্রহণ করা হবে না।

২৫/১০/২০২৬

(মো. হাছান মিয়া)
**রেজিস্ট্রার** (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
ফোন নং পিএবিএক্স-০২৩৩৪৪৬০৭৬৬-৭৪, ০২৩৩৪৪৬০৭৯-৯১, এক্স-৪২০১

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

**অফিসার পদে নিয়োগ / পদোন্নতির আবেদন ফরম**

প্রার্থীর ৩টি (পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি)

---------- অফিসে / অনুষদে / বিভাগে / ইনস্টিটিউটে / হলে ---------- পদে নিয়োগের / পদোন্নতির জন্য

১। প্রার্থীর পূর্ণ নাম ঃ ---------- (বাংলায়)

---------- (ইংরেজী বড় হাতের অক্ষরে)

২। (ক) পিতার নাম ঃ ----------

(খ) মাতার নাম ঃ ----------

(গ) স্বামীর নাম ----------

৩। (ক) জন্ম তারিখ ঃ ----------
(মাধ্যমিক/সমমান পরীক্ষায় সার্টিফিকেট অনুসারে)।

(খ) বর্তমান বয়স ঃ ---------- (গ) জন্মস্থান ঃ ----------

৪। (ক) জাতীয়তা ঃ ---------- (খ) ধর্ম ----------

(গ) বৈবাহিক অবস্থা ঃ বিবাহিত / অবিবাহিত

৫। **(ক) পূর্ণ স্থায়ী ঠিকানা ঃ-**

বাড়ী নং ---------- রোড নং ----------

মহল্লা / গ্রাম ঃ ----------

ডাকঘর ঃ ----------

থানা / উপজেলা ঃ ----------

জেলা ঃ ----------

**(খ) যোগাযোগের ঠিকানা ঃ-**

---

---

---

---

---

ফোন নং ---------- মোবাইল ঃ ----------

৬। **শিক্ষাগত যোগ্যতা** (এস. এস.সি./ সমমান পরীক্ষা হতে উচ্চতর ডিগ্রী পর্যন্ত) ঃ

| বিদ্যালয় / মহাবিদ্যালয় / বিশ্ববিদ্যালয়ের নাম | অধীত বছর | | উত্তীর্ণ পরীক্ষার নাম | প্রাপ্ত বিভাগ / শ্রেণী / স্থান ও প্রাপ্ত নম্বর (শতকরা হিসেবে / গ্রেডিং পদ্ধতি) | পরীক্ষার সন |
|---|---|---|---|---|---|
| | সন হতে | সন পর্যন্ত | | | |
| | | | | | |

৭। উচ্চতর ডিগ্রীর জন্য যে সকল তদারককারীর অধীনে অধ্যয়ন করা হয়েছে, তাঁদের নাম ও ঠিকানা ঃ

৮। অধীত বিশেষ পাঠক্রম ঃ

৯। বিশেষ কোন প্রতিষ্ঠানে কোন কোর্সে অংশ গ্রহণ / প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে তার বিবরণ ঃ

১০। দক্ষতা অনুসারে বিভিন্ন ভাষা জ্ঞানের বিবরণ ঃ

অঃ পৃঃ দ্রঃ

১১। পেশাগত অভিজ্ঞতা ঃ

(ক) বর্তমান পদবী ঃ ---------- বেতন স্কেল টাঃ ----------

যোগদানের তারিখ ঃ ---------- মূল বেতন টাঃ ----------

প্রতিষ্ঠানের নাম ঃ ----------

(খ) পূর্ববর্তী চাকুরীর বিবরণ ঃ
(প্রত্যেক পদের নাম, কার্যকালের মেয়াদ ও প্রতিষ্ঠানের নাম)

১২। কোন বিশ্ববিদ্যালয়ে / প্রতিষ্ঠানে / সংস্থায় কোন নির্ধারিত সময়ের জন্য চাকুরী করতে অংগীকারবদ্ধ থাকলে তার বিস্তারিত বিবরণ ঃ

১৩। কখনো চাকুরীচ্যুত / বরখাস্ত হয়ে থাকলে কারণসহ পদ ও প্রতিষ্ঠানের নাম ঃ

১৪। শিক্ষা জীবনে নৈতিক স্খলন / শৃঙ্খলা ভংগজনিত কারণে কোন শাস্তি / দণ্ড ভোগ করে থাকলে কোন পর্যায়ে কি ধরনের শাস্তি / দণ্ড ভোগ করেছেন তার সঠিক বিবরণ ঃ

১৫। পেনশনপ্রাপ্ত হলে এর পরিমাণ এবং সংস্থার নাম ঃ

১৬। কোন খ্যাতিসম্পন্ন প্রতিষ্ঠান / সংস্থার / সমিতির সাথে জড়িত থাকলে তার নাম ও বিবরণ ঃ

১৭। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পদ শূন্য রেখে পদোন্নতি পেয়ে থাকলে পদবীসহ তারিখ (আভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য) ঃ

১৮। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চাকুরীকালে বিনা বেতনে / অসাধারণ কোন ছুটি ভোগ করে থাকলে তারিখসহ সময়কাল (আভ্যন্তরীণদের ক্ষেত্রে প্রযোজ্য) ঃ

১৯। নিযুক্তি গ্রহণের পর প্রত্যাশিত সর্বনিম্ন প্রারম্ভিক মূল বেতন ঃ টাঃ

২০। পরিচিত কিন্তু জ্ঞাতি বা বৈবাহিক সম্পর্কযুক্ত নয় যাঁদের নিকট হতে প্রার্থীর গবেষণামূলক ও অন্যান্য কাজকর্ম সম্পর্কে জানা যেতে পারে, এমন দুইজন ব্যক্তির নাম ও ঠিকানা ঃ ১।

২।

২১। ব্যাংক ড্রাফট / পে-অর্ডার নং ---------- তারিখ ---------- টাকা ঃ (৫০০/- (পাঁচশত টাকা মাত্র)

ইস্যুকারী ব্যাংকের নাম ঃ অগ্রণী ব্যাংক লিমিটেড শাখা ----------

তারিখ ঃ ----------

আবেদনকারীর স্বাক্ষর

অফিস প্রধানের সুপারিশ

---

(স্বাক্ষর ও অফিস সীল)

বিশেষ দ্রষ্টব্য ঃ (ক) দরখাস্তের ফরমের সংশ্লিষ্ট কলামে স্থান সংকুলান না হলে প্রার্থী পৃথক কাগজে প্রয়োজনীয় তথ্যাবলী পেশ করতে পারবেন, (খ) সদ্য তোলা তিন কপি সত্যায়িত ছবি এবং সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও নাগরিকত্বের সার্টিফিকেট সত্যায়িত কপি প্রত্যেক সেটের সাথে দাখিল করতে হবে। (গ) অসম্পূর্ণ / ত্রুটিপূর্ণ দরখাস্ত এবং বিজ্ঞাপনের শর্ত পূরণ করে না এমন দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে, (ঘ) দাখিলকৃত কোন দরখাস্ত ব্যাংক ড্রাফট / পে-অর্ডার (পাঁচশত) টাকা মূল্যমানের) ও কাগজপত্র ফেরতযোগ্য নয়। (১১-০৬-২০০০ইং তারিখে সিন্ডিকেটের ৩৬১ তম সভার ৩ নম্বর সিদ্ধান্ত অনুমোদিত এবং ৩১/৫/০৭ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪৪০ তম সভার ৪২ নম্বর সিদ্ধান্তে ১৬ নং ধারা সংযোজিত)